

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন শাখা-১

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০১৪.০০২.২০১৭-১৪২৬

তারিখঃ ০৬ নভেম্বর ২০১৭ খ্রিঃ।

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্থানীয় সরকার বিভাগ  
৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে স্থানীয় সরকার বিভাগের অধীন 'ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন শ্যামপুর, দনিয়া, মাতুয়াইল এবং সারুলিয়া এলাকার সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন' শীর্ষক প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত টাকার ১ম ও ২য় কিস্তির অর্থ অবমুক্তি প্রসঙ্গে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১০ অক্টোবর, ২০১৭ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১৪.০০২.২০১৭-১৩০৯ নম্বর সরকারী আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী অর্থ বিভাগের ০২/১১/২০১৭ তারিখের ০৭.১১১.০১৪.০১.০৫.০৩৪.২০১৭-৬৬৬ নং স্মারকে প্রদত্ত সম্মতি প্রার্থিত জিওবি খাতের বরাদ্দ হইতে নিম্নরূপ অর্থ বরাদ্দের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করিতেছিঃ

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত পিসিপি অনুমোদিত/অনুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ (লক্ষ টাকায়)	মূলধন খাতের অর্থ (লক্ষ টাকায়)	মোট অবমুক্ত অর্থ (লক্ষ টাকায়)
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কোড নং-৫-৩৭- ৩৭০৫-৫০৬৩- XXXX	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন শ্যামপুর, দনিয়া, মাতুয়াইল এবং সারুলিয়া এলাকার সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন কোড নং-৫-৩৭-৩৭০৫- ৫০৬৩-XXXX	অনুমোদিত	১ম- ২য়	১২০.০০	১১২৩০.০০	১১৩৫০.০০

১। এই অর্থ খরচে নিম্নোক্ত শর্ত প্রতিপালন করতে হবেঃ


- (১) পরবর্তী অর্থবছরের অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণের পূর্বে ডিএসএল এর কিস্তি পরিশোধ নিশ্চিত করতে হবে;
- (২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিসিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (৩) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (৪) অনুমোদিত ডিপিসিপি প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না;
- (৫) প্রকল্পটির অনুকূলে ছাড়কৃত অর্থ অনুমোদিত প্রকল্পের অনুমোদিত অঙ্গের সংস্থান অনুযায়ী ব্যয় করতে হবে;
- (৬) প্রকল্পের আওতায় গাড়ী ক্রয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে এবং নিজস্ব তহবিলের অংশ যথাযথভাবে ছাড়ের ব্যবস্থা করতে হবে এবং পরবর্তী কিস্তি ছাড়ের প্রস্তাবের সাথে নিজস্ব তহবিলের অর্থ ব্যয়ের বিবরণ প্রেরণ করতে হবে;
- (৭) অব্যয়িত অর্থ ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

২। এই ব্যয় বর্তমান অর্থ বছরের (২০১৭-২০১৮) সংশোধিত বার্ষিক উন্নয়ন বাজেটে মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত নং-৫-৩৭-৩৭০৫-৫০৬৩-XXXX প্রাপ্ত কোড হইতে বহন করা হইবে।

৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (তবে শুদ্ধ মূল্য সংযোজন কর এবং পুনর্ভরনযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের অন্তর্ভুক্ত)

৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইবে না। পরবর্তী কিস্তির অর্থ প্রাপ্তির প্রস্তাবের সহিত প্রয়োজনীয় সকল ছকসহ ব্যাংক বিবরণী অবশ্যই প্রেরণ করিতে হইবে।

৫। বিধি-বিধান অনুসরণ পূর্বক মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করিবেন।




(মোঃ মাহমুদুল আলম)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৩৬২৫

তারিখঃ ০৬ নভেম্বর ২০১৭ খ্রিঃ।

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০১৪.০০২.২০১৭-১৪২৬/১(৮)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- (৩) অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- (৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- (৫) প্রকল্প পরিচালক, " ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন শ্যামপুর, দনিয়া, মাতুয়াইল এবং সারুলিয়া এলাকার সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন " শীর্ষক প্রকল্প, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- (৬) উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- (৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- (৮) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।



(মোঃ মাহমুদুল আলম)  
উপসচিব